

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নথি নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৮.৫০৫

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের এইচ.এস.সি (বিএম) শাখার এম.পি.ও.ভুক্তির সরকারি আদেশের কপি (জি,ও) সরবরাহের নিমিত্ত ০৪.১১.২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের এইচ.এস.সি (বিএম) শাখার এম.পি.ও.ভুক্তির সরকারি আদেশের কপি (জি,ও) সরবরাহের নিমিত্ত ০৪.১১.২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মাননীয় শিক্ষা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে।

২.০ সভায় (১) হালিমুন্নেছা চৌধুরাণী মেমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয়, ভালুকা, ময়মনসিংহ (২) ধামইরহাট সিদ্দিকীয়া ফাযিল মাদ্রাসা, ধামইরহাট, নওগাঁ এর এস.এস.সি (ভকেশনাল) ও এইচ.এস.সি (বি.এম) শাখার এম.পি.ও.ভুক্তির সরকারি আদেশের কপি (জি,ও) সরবরাহের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

২.১ বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠান দুটির অনুকূলে শিক্ষা মন্ত্রণালয় হতে এম.পি.ও.ভুক্তির সরকারি আদেশ (জি,ও) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ;

২.২ শিক্ষা মন্ত্রণালয় হতে জারিকৃত জি,ও এর আলোকে বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের এম.পি.ও.ভুক্তির বিষয়টি নিষ্পত্তি করার জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে পত্র প্রেরণ।

৩.০ এমতাবস্থায়, সভার সিদ্ধান্তের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(আনোয়ারুল হক)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
পরিবহন পুল ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে:

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬. অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।